

Sixth Session of the India-Norway Joint Commission Meeting

October 13, 2020

ভারত-নরওয়ে যৌথ আয়োগের বৈঠকের ষষ্ঠ অধিবেশন

অক্টোবর 13, 2020

1. ভারত-নরওয়ে যৌথ আয়োগের বৈঠকের ষষ্ঠ অধিবেশন একটি ভার্চুয়াল মঞ্চে অক্টোবর 13, 2020-তে অনুষ্ঠিত হয়েছে। নরওয়ের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন নরওয়ের বিদেশ মন্ত্রী মহামান্য কুমারী আইনে এরিকসেন সোরেইদে এবং ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন ভারতের বিদেশমন্ত্রী মহামান্য ড.এস. জয়শংকর।
2. দুই মন্ত্রী দ্বিপাক্ষিক সম্পর্কের বিস্তারিত পর্যালোচনা করেছেন এবং উল্লেখযোগ্য অগ্রগতির জন্য সন্তোষ প্রকাশ করেছেন। তারা উল্লেখ করেছেন যে, জানুয়ারী 2019-এ প্রধানমন্ত্রী এরনা সোলবার্গের নিউ দিল্লি সফর ভারত এবং নরওয়ের মধ্যে ব্যাপক অংশীদারিত্বের জন্য একটি ক্লপিং প্রতিষ্ঠা করেছেন।
3. কোভিড-19-অতিমারির মত আর কোনকিছুই বিশ্বের দেশগুলির কাছে এরকম উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা তৈরি করেনি, অতিমারির বিরুদ্ধে মোকাবিলা করার জন্য ঘনিষ্ঠভাবে সহযোগিতায় তাদের অঙ্গীকারের কথা মন্ত্রীরা পুনরায় উল্লেখ করেছেন। বৈশ্বিক সুসামান্যতা কোভিড-19-এর প্রতিষ্ঠাতে এবং প্রতিষেধকের বিশ্বব্যাপী ন্যায্য প্রাপ্তিকে নিশ্চিত করার কাজকে উভয় মন্ত্রী স্বাগত জানিয়েছেন। জননী এবং শিশুর স্বাস্থ্যের ক্ষেত্রে তাদের দ্বিপাক্ষিক সহযোগিতার অঙ্গীকারের কথা উভয় পক্ষ পুনরায় সুনিশ্চিত করেছেন।
4. মন্ত্রীরা সহমত হয়েছেন যে, কোভিড-19 সংকট থেকে উত্তরণ আরো স্থিতিশীল অর্থনীতি তৈরি করার সুযোগ প্রদান করেছে।
5. বাণিজ্য এবং বিনিয়োগ (ডিটিআই) নিয়ে আলোচনা যা কিনা ভারতের ক্ল্যাগশিপ কার্যক্রমে নরওয়ের কোম্পানিগুলির ব্যবসা সহযোগিতা এবং অংশগ্রহণকে উদ্যম প্রদান করেছে সে বিষয়ে উভয় পক্ষ সন্তুষ্টির সাথে উল্লেখ করেছেন। জানুয়ারী 2020তে দিল্লিতে অনুষ্ঠিত ডিটিআই-এর প্রথম বৈঠকে অন্যান্য এলাকাগুলির মধ্যে সামুদ্রিক, মৎস চাষ, পর্যটন, দক্ষতা বিকাশ, ক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারী মাপের উদ্যোগ(এমএসএমই)এবং পুনর্ব্যবহার্য শক্তিগুলিকে অন্তর্ভুক্ত করার জন্য সহযোগিতার ক্ষেত্রগুলিকে চিহ্নিত করেছেন।
6. উভয়পক্ষ , বাণিজ্যিক এবং অর্থনৈতিক সম্পর্কে অব্যবহৃত সম্ভাবনাগুলিকে বাস্তবে পরিণত করার জন্য দ্বিপাক্ষিক বাণিজ্যকে প্রসারিত করার ক্ষেত্রে তাদের অঙ্গীকারকে পুনরায় সুনিশ্চিত করেছেন। দুই মন্ত্রী ভারত এবং ইএফটিএ বাণিজ্য চুক্তি দ্রুত সম্পন্ন হবার আশা ব্যক্ত করেছেন।
7. সামুদ্রিক আলোচনার উল্লেখযোগ্য অগ্রগতি এবং ভারত এবং নরওয়ে উভয় দেশে নির্দিষ্ট বিশেষ কিছু ক্ষেত্রে যেমন, মৎসচাষ, জলজ পালন, সামুদ্রিক ব্যবহারের জন্য সবুজ প্রযুক্তি, ভেসেল নির্মাণ, জাহাজ পুনর্ব্যবহার্য করণ এবং সবুজ বন্দর সম্ভাবনার সম্মিলিত ক্রিয়ার

স্থিতিশীল বিকাশের জন্য সবুজ অর্থনীতির উপরে টাস্ক ফোর্স দ্বারা গৃহীত উদ্যোগকে দুই পক্ষ সন্তোষের সাথে উল্লেখ করেছেন। অনুমোদনযোগ্য বৃদ্ধি এবং কর্মসংস্থান তৈরি করে মহাসাগর সুরক্ষার সাহায্যার্থে সবুজ অর্থনীতিতে সহযোগিতার সম্ভাবনার উপরে মন্ত্রীরা রেখাপাত করেছেন।

8. সমুদ্র সম্পর্কিত, সামুদ্রিক, হাইড্রোকার্বনস, পরিবেশ, বিজ্ঞান এবং প্রযুক্তিতে জয়েন্ট ওয়ারকিং গ্রুপ (জেডব্লিউজি)-র অধীনে গৃহীত কার্যকলাপকে উভয়পক্ষ উল্লেখ করেছেন। দুই দেশের মধ্যে সহযোগিতার ক্ষেত্রে বিশেষত, সহনীয় বিকাশ লক্ষ্য অর্জনে, জলবায়ু পরিবর্তনের মোকাবিলায় এবং সবুজ অর্থনীতির প্রতি অগ্রসরতায় জেডব্লিউজি প্রদত্ত উদ্যম এবং দিশার তাৎপর্যের উপরে উভয় মন্ত্রী রেখাপাত করেছেন।
9. বিশ্বব্যাপী শান্তি এবং সুরক্ষা বজায় রাখার ক্ষেত্রে রাষ্ট্রপুঞ্জের কেন্দ্রীয় ভূমিকার উপরে উভয় মন্ত্রী জোর আরোপ করেছেন। এখন ভারত এবং নরওয়ে হল রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের আগামী নির্বাচিত সদস্য। সদস্যপদের 2021-22 মেয়াদকালীন সময়ে নিরাপত্তা পরিষদের বিষয়গুলিকে নিয়ে বরিষ্ঠ আধিকারিক স্তরে নিয়মিত পরামর্শে নিয়োজিত থাকার জন্য উভয় পক্ষ সহমত হয়েছে।
10. দুই পক্ষ আঞ্চলিক, বহুপাক্ষিক এবং বৈশ্বিক স্বার্থের বিষয়গুলি নিয়ে দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন।
11. পারস্পরিক সুবিধামত দিনক্ষণে ওসলোতে পরবর্তী দফার যৌথ আয়োগের বৈঠক আয়োজন করার জন্য উভয়পক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছে।

নিউ দিল্লি

অক্টোবর 13, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.